

## ১২নং চাঁদপুর ইউনিয়ন পরিষদ কার্যালয়

ডাকঘর : চাঁদপুর বাজার, উপজেলা : ফরিদপুর সদর, জেলা : ফরিদপুর।

স্মারক নং -

তারিখ :.....খ্রি:

## মাসিক সভার কার্য বিবরণী

স্থান : চাঁদপুর ইউ.পি কার্যালয়

তারিখ : ২৭/০৭/২০২৩ খ্রি.

সময় : সকাল ১১.০০ টা

সভাপতি : জনাব মোছাঃ শামসুন্নাহার মহিদি, চেয়ারম্যান, চাঁদপুর ইউনিয়ন পরিষদ।

উপস্থিত সদস্যদের নাম ও স্বাক্ষর :

ক্রমিক নং	উপস্থিত সদস্যদের নাম	পদবী	পদবী	স্বাক্ষর
০১	মোছাঃ শামসুন্নাহার মহিদি	ইউ.পি চেয়ারম্যান	সভাপতি	স্বাক্ষরিত
০২	বিউটি পারভীন	স:ম: সদস্য - ০১	সদস্য	স্বাক্ষরিত
০৩	মাহফুজা পারভীন	স:ম: সদস্য - ০২	সদস্য	স্বাক্ষরিত
০৪	খোদেজা বেগম	স:ম: সদস্য - ০৩	সদস্য	স্বাক্ষরিত
০৫	কাজী আব্দুল বারী	সদস্য ০১ নং ওয়ার্ড	সদস্য	স্বাক্ষরিত
০৬	মোঃ মন্টু ফকির	সদস্য ০২ নং ওয়ার্ড	সদস্য	স্বাক্ষরিত
০৭	মোঃ আবুল কালাম আজাদ	সদস্য ০৩ নং ওয়ার্ড	সদস্য	স্বাক্ষরিত
০৮	মোঃ নান্নু শেখ	সদস্য ০৪ নং ওয়ার্ড	সদস্য	স্বাক্ষরিত
০৯	মোঃ জাহিদুল ইসলাম	সদস্য ০৫ নং ওয়ার্ড	সদস্য	স্বাক্ষরিত
১০	পলাশ দেবনাথ	সদস্য ০৬ নং ওয়ার্ড	সদস্য	স্বাক্ষরিত
১১	মোঃ মহিদুল ইসলাম	সদস্য ০৭ নং ওয়ার্ড	সদস্য	স্বাক্ষরিত
১২	মোঃ নেয়ামুল পাটোয়ারী	সদস্য ০৮ নং ওয়ার্ড	সদস্য	স্বাক্ষরিত
১৩	মোঃ তছিরউদ্দীন শেখ	সদস্য ০৯ নং ওয়ার্ড	সদস্য	স্বাক্ষরিত
১৪	বিষ্ণু পদ সাহা	সচিব ইউ.পি	সদস্য সচিব	স্বাক্ষরিত

আলোচ্য সূচী : ১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

২। স্থাবর সম্পত্তি হস্তান্তর কর ১% তহবিলের আওতায় প্রকল্পের কাজ সমাপ্ত হওয়ায় উহার বিল উত্তোলন প্রসঙ্গে।

৩। হাট-বাজার ইজারা লক্ষ অর্থের ৪৬% এবং ইঞ্জিন চালিত নৌঘাট ইজারা খাতে বাস্তবায়নের জন্য প্রকল্প বাছাই ও কমিটি গঠন প্রসঙ্গে।

৪। বিবিধ।

অধ্যকার বিশেষ সভায় মোছাঃ শামসুন্নাহার মহিদি, চেয়ারম্যান সাহেব উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভাপতির আসন গ্রহণ করলে সভার কার্য আরম্ভ করা হয়।

আলোচনা নং-১.১। অধ্যকার সভার শুরুতে সভাপতি সাহেবের অনুমোদনক্রমে বিগত সভার কার্যবিবরণী পাঠান্তে সর্বসম্মতিক্রমে দৃঢ় করণ করা হয়।

২.১। আলোচ্য বিষয় : স্থাবর সম্পত্তি হস্তান্তর কর ১% তহবিলের আওতায় ১,২৫,০০০/-টাকার ১টি প্রকল্পের কাজ সমাপ্ত হওয়ায় উহার বিল উত্তোলন প্রসঙ্গে।

(ক) সভায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে অবহিত করেন যে, ১% তহবিলের আওতায় চাঁদপুর ইউনিয়নের বিভিন্ন দরিদ্র পরিবারের বাড়ীতে অ-গভীর নলকূপ স্থাপন প্রকল্পটির কাজ শেষ হওয়ায় প্রকল্পের কাজের বিল উত্তোলন করা প্রয়োজন। তিনি প্রকল্পের কাজের মাষ্টাররোল ও অন্যান্য কাগজ পত্র দাখিল করেন। তিনি জানান যে, উক্ত কাজে মোট ব্যয় এর পরিমাণ ১,২৫,০০০.০০ (একলক্ষ পঁচিশ হাজার) টাকা। কিন্তু ইউনিয়নের কোন নিজস্ব তহবিল না থাকায় তহবিল না থাকায় তিনি উক্ত কাজের বিল পরিশোধের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের অনুরোধ জানান।

২.০১। সিদ্ধান্ত (ক) সভায় সভাপতি সাহেবের প্রস্তাব নিয়ে আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে ১টি প্রকল্পের কাজের বিল ভাউচার অনুমোদনসহ স্থাবর সম্পত্তি হস্তান্তর কর তহবিল হতে ১,২৫,০০০.০০ (একলক্ষ পঁচিশ হাজার) টাকা পরিশোধের জন্য সর্বসম্মত ভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। অতঃপর প্রকল্পের কাজের বিল ভাউচারাদি উপজেলা নির্বাহী অফিসার, ফরিদপুর সদর, ফরিদপুর মহোদয়ের কার্যালয়ে প্রেরণের যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি সাহেবের দৃষ্টি আকর্ষণ করা হয়।

অতঃপর সভার অন্য কোন আলোচনা না হওয়ায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সভাপতি